ঢাকায় শুরু হচ্ছে ইরানি চলচ্চিত্র উৎসব, প্রদর্শিত হবে নানা জনপ্রিয় চলচ্চিত্র

written by Chandradip News24 | December 3, 2024

ঢাকার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সেন্ট্রাল অডিটরিয়ামে শুরু হতে যাচ্ছে ইরানি চলচ্চিত্র উৎসব। আজ মঙ্গলবার (৩ ডিসেম্বর) থেকে আগামী ৫ ডিসেম্বর পর্যন্ত চলবে এই উৎসব।

উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ রেজাউল করিম। এছাড়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশে অবস্থিত ইসলামি প্রজাতন্ত্র ইরান দূতাবাসের রাষ্ট্রদূত মানসুর চাভোশি, ঢাকাস্থ ইরান সাংস্কৃতিক কেন্দ্রের কালচারাল কাউন্সেলর সাইয়্যেদ রেজা মির মুহাম্মদী।

উৎসবের সভাপতিত্ব করবেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ফিল্ম অ্যান্ড টেলিভিশন বিভাগের চেয়ারম্যান ড. শাহ মোহাম্মদ নিস্তার খান কবির। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর ড. সাবিনা শারমিন এবং

চলচ্চিত্রবিষয়ক জাতীয় পরামর্শক কমিটির সদস্য ও চলচ্চিত্র সমালোচক সাদিয়া খালিদ ঋতি।

উদ্বোধনী দিনে প্রদর্শিত হবে ইরানি পরিচালক ইব্রাহিম হাতামি কিয়ার ‘বডিগার্ড’ সিনেমা। উৎসবের অন্যান্য দিনগুলোতে দেখানো হবে ইরানের বিখ্যাত চলচ্চিত্র নির্মাতা মাজিদ মাজিদির ‘দ্য চিলড্রেন অব হ্যাভেন’, ‘দ্য সন্স অব স্প্যারো’, ‘দ্য কালার অব প্যারাডাইস’, আব্বাস কিয়ারোস্তামির ‘টেস্ট অব চেরি’ এবং সাইফুলস্নাহ দাদ পরিচালিত ‘দ্য সারভাইভার’ সিনেমা।

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম